




চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা। ফোনঃ ০৭৬১-৬২২৮১

Web Site: www.chuadangapourashava.org, E-mail: mayor16cp@gmail.com



“গণবিজ্ঞপ্তি”

- ❖ অনেক বাসা-বাড়ি/হাউজিং সোসাইটি/সরকারি-বেসরকারি ও শিক্ষা প্রতিষ্ঠানের চারপাশে ময়লা-আবর্জনা ফেলে রাখা হয়।
 - ❖ অনেক দোকানদার ঝাড়ু দিয়ে ময়লা-আবর্জনা নির্দিষ্ট স্থানে না রেখে রাস্তায় যত্রতত্র ভাবে ফেলেন।
 - ❖ অনেক ব্যক্তি মালিকাধীন/সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের ভিতরে ডোবা/জলাশয় কচুরিপানা এবং ময়লা-আবর্জনায় পরিপূর্ণ।
 - ❖ এছাড়া অনেক বাসা-বাড়ি/নির্মাণাধীন ভবন/প্রতিষ্ঠানের ভিতরে-বাহিরে পাত্র/চৌবাচ্চা/ডাবের খোসা/টায়ার ইত্যাদিতে পানি জমে থাকে।
- এর ফলে মশা-মাছির বংশ বিস্তার বৃদ্ধি পায় এবং ডেঙ্গুসহ বিভিন্ন ধরনের রোগ-জীবাণু ছড়িয়ে জনস্বাস্থ্যকে হুমকির মুখে ঠেলে দেয়।

এমতাবস্থায়, অতিসত্বর.....

- সকল বাসা-বাড়ি/হাউজিং সোসাইটি/প্রতিষ্ঠানের চারপাশের সকল ময়লা-আবর্জনা নিজ-নিজ দায়িত্বে পরিষ্কার করার জন্য অনুরোধ করা হচ্ছে।
- ব্যবসায়ীদেরকে ময়লা-আবর্জনা নির্দিষ্ট স্থানে সঠিক সময়ে ফেলার জন্য অনুরোধ করা হচ্ছে।
- সকল ডোবা/জলাশয় থেকে কচুরিপানা/ময়লা-আবর্জনা নিজ দায়িত্বে অপসারণ করার জন্য অনুরোধ করা হচ্ছে।
- এছাড়া সকল বাড়ি/হাউজিং সোসাইটি/নির্মাণাধীন ভবন/প্রতিষ্ঠানের ভেতরে-বাহিরে কোনো পাত্র/চৌবাচ্চা/ডাবের খোসা/টায়ার ইত্যাদিতে কোনো অবস্থায় যেন পানি জমে না থাকে সেদিকে বিশেষভাবে লক্ষ্য রাখার জন্য অনুরোধ করা হলো।

অনুরোধ ক্রমে-
পৌর পরিষদ, চুয়াডাঙ্গা।